

“মুজিববর্ষের অঙ্গীকার  
সুরক্ষিত হবে মানবাধিকার”



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮  
ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)



স্মারক নং: ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-৩৬০

তারিখ: ২৬/০৭/২০২০

### বিষয়ঃ মালয়েশিয়ায় আটক অভিবাসী শ্রমিক রায়হান কবিরের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি মালয়েশিয়ায় অভিবাসী শ্রমিকদের ওপর নির্যাতন বিষয়ে কাতার-ভিত্তিক আন্তর্জাতিক গণমাধ্যম আল-জাজিরায় প্রচারিত একটি অনুসন্ধানী প্রতিবেদনে সাক্ষাৎকার প্রদান করায় বাংলাদেশী অভিবাসী শ্রমিক রায়হান কবিরকে মালয়েশিয়ান পুলিশ গ্রেপ্তার করে মর্মে গণমাধ্যম সূত্রে জানতে পারে জাতীয় মানবাধিকার কমিশন।

০২। গণমাধ্যমে সাক্ষাৎকার প্রদান করায় বাংলাদেশী তরুন রায়হানের ব্যক্তিগত তথ্য চেয়ে সমন জারি ও পত্রিকায় বিজ্ঞপ্তি দেয় মালয়েশিয়ান প্রশাসন। শুধুমাত্র সাক্ষাৎকার প্রদান করায় এভাবে বিজ্ঞপ্তি দিয়ে খোজা, ওয়ার্ক পারমিট বাতিল করা ও পরবর্তীতে গ্রেফতারের বিষয়টি নিয়ে উদ্বেগ জানিয়েছে অভিবাসন বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বেশ কিছু সংগঠন। এদিকে দেশে থাকা তার পরিবারও গভীর উৎকণ্ঠায় দিন কাটাচ্ছে। রায়হানের বিরুদ্ধে অন্য কোন অভিযোগও নাই মর্মে গণমাধ্যম সূত্রে জানা যায়। জাতীয় মানবাধিকার কমিশন রায়হান কবিরের বিরুদ্ধে ঘটে যাওয়া বিষয়গুলো নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করছে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, রায়হান কবিরের আটকের বিষয়টি যাচাইঅন্তে তাকে আইনি সহায়তা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

পররাষ্ট্র সচিব  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
ঢাকা

কাজী আরফান আশিক  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
জাতীয় মানবাধিকার কমিশন

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

০১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর, মালয়েশিয়া

০২। মন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

০৩। মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)